



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০৩.২০২৬-৫৭

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের “প্রোগ্রামার” (৬ষ্ঠ গ্রেড) পদে নিয়োগ পরীক্ষার ফলাফল।

বিষয়ে উল্লিখিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত নিয়োগ পরীক্ষার ভিত্তিতে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে নিম্নে বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের কর্ম কমিশন সাময়িকভাবে (provisionally) মনোনয়ন প্রদান করেছে:

০১. পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো “প্রোগ্রামার” (৬ষ্ঠ গ্রেড) (বিজ্ঞপ্তির তারিখ: ২৮.১১.২০২৪; বিজ্ঞপ্তি নম্বর: ৫৬):

রেজিস্ট্রেশন নম্বর: 000012, 000088, 000074, 000070, 000133, 700054, 000016, 000147 = 08 জন।

০২. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর “প্রোগ্রামার” (৬ষ্ঠ গ্রেড) (বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০২.২০২৫; বিজ্ঞপ্তি নম্বর: ১৯) :

রেজিস্ট্রেশন নম্বর: 000078 = 01 জন।

০৩. শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের “প্রোগ্রামার” (৬ষ্ঠ গ্রেড) (বিজ্ঞপ্তির তারিখ: ২৫.০৩.২০২৫; বিজ্ঞপ্তি নম্বর: ৮৪):


রিট পিটিশন নম্বর ১৫৩২৯/২০২৫ এর বিষয়ে গত ১৮.০৬.২০২৬ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের পরিপ্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের “প্রোগ্রামার” (৬ষ্ঠ গ্রেড) এর ০১ (এক) টি পদ সংরক্ষিত রাখা হয়েছে।

০২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত সকল তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে কর্ম কমিশন প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে মনোনীত করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সকল সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

০৩. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে মনোনীত প্রার্থীদের পরবর্তীকালে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোন উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্রবিশেষে প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৪. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক নিয়োগের মনোনয়নের পূর্ববর্তী জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় মনোনীত প্রার্থীকে নিয়োগ প্রদান করবে।

০৫. প্রকাশিত ফলাফলে কোন উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে।


১৭/০৭/২০২৬
দিলীপকুমার দুর্দানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)